

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১৫/২০১৯

তারিখঃ ০৩/০৩/২০১৯ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (ট্রাফিক) এর দপ্তর এর দপ্তরাদেশ নং-৮৯/২০১৮, তারিখঃ ১৮/১১/২০১৮ইং সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান

সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং-৮৯/২০১৮

তারিখঃ ১৮/১১/২০১৮ইং

বিষয় : বার্থ অপারেটর (কার্গো এন্ড কন্টেইনার), টার্মিনাল অপারেটর এবং শিপ হ্যান্ডলিং অপারেটরদের সাথে সম্পাদিত চুক্তিনামা মোতাবেক শ্রমিক কর্মচারীদের বছরান্তে ৫ম দফায় ১০% মজুরী বৃদ্ধি ও ইহার ফলাফল হিসাবে অন্যান্য ক্ষেত্রে মজুরী/রেইট বৃদ্ধি প্রসঙ্গে।

- সূত্রঃ- ১। সচিব, চবক এর দপ্তরাদেশ নং-৩৭/২০১৫ তাং-৮/৪/২০১৫ইং।  
২। পরিচালক (ট্রাফিক), চবক এর দপ্তরাদেশ নং-০১/২০১৬ তাং- ১০/০১/২০১৬ইং।  
৩। পরিচালক (ট্রাফিক), চবক এর দপ্তরাদেশ নং-৮০/২০১৬ তাং- ০১/০১/২০১৭ইং।  
৪। পরিচালক (ট্রাফিক), চবক এর দপ্তরাদেশ নং-০১/২০১৭ তাং- ০৬/১২/২০১৭ইং।

উপরোক্ত বিষয়ে বোর্ড সিদ্ধান্ত নং-১৫৪৪২ তাং-১৮/১২/২০১৬ইং ও বন্দরের সাথে সম্পাদিত চুক্তিনামা অনুসারে বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও শিপ হ্যান্ডলিং অপারেটরদের সাথে সূত্রোক্ত ১নং দপ্তরাদেশ মূলে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী শ্রমিক কর্মচারীদের মজুরী বৃদ্ধি ও উক্ত মজুরী বৃদ্ধির ফলে বার্থ, টার্মিনাল ও শিপ হ্যান্ডলিং অপারেটরদের অনবোর্ড রেইট কি হারে/কখন থেকে বৃদ্ধি হবে তাও উল্লেখ করা হয়েছিল। বিষয়টি আরো সুস্পষ্ট করার জন্য বার্থ, টার্মিনাল ও শিপ হ্যান্ডলিং অপারেটরদের অধীনে নিয়োজিত শ্রমিক কর্মচারীদের মজুরী কখন থেকে বৃদ্ধি পাবে এবং এর ফলে বার্থ, টার্মিনাল ও শিপ হ্যান্ডলিং অপারেটরদের অনবোর্ড হ্যান্ডলিং রেইট কি হারে বাড়বে তার একটি তালিকা নিম্নে প্রদান করা হলো :-

ক) শ্রমিক/কর্মচারীর ১০% মজুরী বৃদ্ধির ফলে বার্থ অপারেটর ও টার্মিনাল অপারেটরদের জেটি সাইডের কাজের জন্য শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদত্ত/ প্রদেয় রেইট বৃদ্ধির তারিখ ভিত্তিক তালিকা :-

নাম	৪র্থ দফায় বৃদ্ধির তারিখ	৫ম দফায় বৃদ্ধির তারিখ	মন্তব্য
বার্থ অপারেটরস্ (কার্গো)	১৩/১১/২০১৭	১৩/১১/২০১৮	বার্থ, টার্মিনাল ও শিপ হ্যান্ডলিং অপারেটরগণ কর্তৃক তাদের শ্রমিক কর্মচারীদেরকে প্রদত্ত/প্রদেয়।
বার্থ অপারেটরস্ (কন্টেইনার)	১৩/০৩/২০১৮	১৩/০৩/২০১৯	
টার্মিনাল অপারেটরস্	০১/০৪/২০১৮	০১/০৪/২০১৯	
শিপ হ্যান্ডলিং অপারেটরস্	০১/০৫/২০১৮	০১/০৫/২০১৯	

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

### CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

(২)

খ) শ্রমিক/কর্মচারীর ১০% মজুরী বৃদ্ধির ফলে বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও শিপ হ্যান্ডলিং অপারেটরদের অনবোর্ড কাজের জন্য শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদত্ত/প্রদেয় রেইট বৃদ্ধির তারিখ ভিত্তিক তালিকা :-

নাম	৪র্থ দফায় বৃদ্ধির তারিখ	বৃদ্ধির রেইট	৫ম দফায় বৃদ্ধির তারিখ	বৃদ্ধির রেইট	মন্তব্য
বার্থ অপারেটরস্ (কার্গো)	১৩/১১/২০১৭	৯%	১৩/১১/২০১৮	৯%	শিপিং এজেন্ট /কনসাইনী কর্তৃক প্রদেয়
বার্থ অপারেটরস্ (কন্টেইনার)	১৩/০৩/২০১৮	৪%	১৩/০৩/২০১৯	৪%	শিপিং এজেন্ট কর্তৃক প্রদেয়
টার্মিনাল অপারেটরস্	০১/০৪/২০১৮	৪%	০১/০৪/২০১৯	৪%	শিপিং এজেন্ট কর্তৃক প্রদেয়
শিপ হ্যান্ডলিং অপারেটরস্	০১/০৫/২০১৮	৬.৯%	০১/০৫/২০১৯	৬.৯%	শিপিং এজেন্ট /কনসাইনী কর্তৃক প্রদেয়

গ) এফসিএল কন্টেইনার, এলসিএল ও খোলা কার্গো ডেলিভারীর ক্ষেত্রে কনসাইনী (সিএন্ডএফ এজেন্ট) কর্তৃক প্রদেয় রেইট বর্ধনের তারিখ ওয়ারি তালিকা :-

নাম		৪র্থ দফায় বৃদ্ধির তারিখ ও রেইট	৫ম দফায় বৃদ্ধির তারিখ ও রেইট	মন্তব্য
এফসিএল কন্টেঃ	২০	১৩/৩/২০১৮ ২০৮১/-	১৩/৩/২০১৯ ২২৩৭/-	সিএন্ডএফ এজেন্ট কর্তৃক প্রদেয়।
এফসিএল কন্টেঃ	৪০	১৩/৩/২০১৮ ২৭০৯/-	১৩/৩/২০১৯ ২৯১২/-	
এলসিএল ও খোলা কার্গো (বিদ্যমান রেইট সিডিউলের ভিত্তিতে)	এলসিএল কার্গোর ক্ষেত্রে	১৩/৩/২০১৮ বর্তমান রেইটের উপর ৭.৫% বর্ধিত হারে।	১৩/৩/২০১৯ বর্তমান রেইটের উপর ৭.৫% বর্ধিত হারে।	
	খোলা কার্গোর ক্ষেত্রে	১৩/১১/২০১৭ বর্তমান রেইটের উপর ৭.৫% বর্ধিত হারে।	১৩/১১/২০১৮ বর্তমান রেইটের উপর ৭.৫% বর্ধিত হারে।	

অতএব, সূত্রোক্ত ৩নং দপ্তরাদেশ মোতাবেক বন্দরের বার্থ, টার্মিনাল ও শিপ হ্যান্ডলিং অপারেটর শ্রমিক কর্মচারীদের পরবর্তী ৪র্থ দফায় রেইট বৃদ্ধি পরবর্তী ৫ম দফায় হ্যান্ডলিং বিল/ডেলিভারী রেইট (শিপিং এজেন্ট/কনসাইনী কর্তৃক প্রদেয়) বৃদ্ধি স্ব স্ব ক্ষেত্রে বর্ধিত তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

২। ভবিষ্যতেও শ্রমিক/কর্মচারীদের ১০% মজুরী/বেতন বৃদ্ধির প্রেক্ষিতে বার্থ/টার্মিনাল/শিপ হ্যান্ডলিং অপারেটরদের হ্যান্ডলিং রেইট মজুরী/বেতন বৃদ্ধির দিন থেকে একই হারে বৃদ্ধি করা যেতে পারে। উক্ত রেইট বৃদ্ধি স্ব স্ব ক্ষেত্রে প্রকৃত মজুরী বৃদ্ধির তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

স্বাক্ষরিত/-

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখঃ- ১৯/১১/২০১৮ইং

নং-পপশ্র/শ্রমিক/কর্মচারী মজুরী/২০১০/৩৩১৭